দৈনিক সংবাদ

তারিখ... 13 MAY 1991
পৃষ্ঠা... ১০ ... কলাম... ৮

18

# পাঁচ মাস পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কাল খুলছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১২ই মে।–দীর্ঘ প্রায় পাঁচ মাস বন্ধ থাকার পর আগামী মঙ্গলবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলছে। এর আগে গত ২৪শে এপ্রিল বিশ্ববিদ্যালয় খোলার পূর্ব মুহূর্তে শিক্ষা মন্ত্রণালয়ের বিশেষ নির্দেশে আরো ১০ দিনের জন্য বন্ধ করে দেয়া হয়। এরপর গত ৪ঠা মে বিশ্ববিদ্যালয় খোলার ঘোষণা দেয়া হলেও প্রাকৃতিক দুর্যোগের কারণে তা আরো পিছিয়ে দেয়া হয়।

গতকাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আলমগীর মোহাম্মদ সিরাজউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের জরুরী সভায় আগামী মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও হলসমূহ খোলার পরিপ্রেক্ষিতে সিন্ডিকেটের পূর্ব সিদ্ধান্ত অনুসারে আইন প্রয়োগকারী সংস্থাকে আগামীকাল সোমবার দুপুর থেকে ক্যাম্পাসে নিরাপত্তা বিধানের বিশেষ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।